বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
ফোনঃ ০২২২৩৩৮৮৯৪৯, ০২২২৩৩৫৮৬৮১
E-mail: dgmsme@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা-ক্রেঃবিঃ (শাখা-৪)-০৭(৮)/করোনা/২০২০-২০২১/ ৩৩(১২৫৫) তারিখ ঃ ০৬/০৭/২০২১

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই(CMSME) খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট এর ০৪/০৭/২০২১ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখ-১৩/০৪/২০২০ এর মাধ্যমে নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের (সিএমএসএমই) ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে স্বল্প সুদে 'চলতি মূলধন ঋণ/বিনিয়োগ' সুবিধা প্রবর্তনের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২০(বিশ) হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়।

০৩। সিএমএসএমই খাতে বর্তমানে প্রবর্তিত ২০(বিশ) হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজের আওতায় কটেজ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি খাতের উদ্যোক্তাদের ঋণ গ্রহণে উৎসাহিত করার লক্ষ্যে বিদ্যমান 'ওয়ার্কিং ক্যাপিটাল' এর পরিবর্তে কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতের উদ্যোক্তাদের অনুকূলে 'ঋণ' সুবিধা প্রবর্তন এবং মাঝারি খাতের উদ্যোক্তাদের অনুকূলে 'ওয়ার্কিং ক্যাপিটাল' সুবিধা প্রবর্তন করা যাবে মর্মে অর্থ মন্ত্রণালয় হতে জানানো হয়েছে।

০৪। এক্ষণে, উক্ত নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতের উদ্যোক্তাদের অনুকূলে বিদ্যমান 'চলতি মূলধন ঋণ/বিনিয়োগ' এর পাশাপাশি মেয়াদী 'ঋণ/বিনিয়োগ' সুবিধা প্রদান করা যাবে। তবে, এক্ষেত্রে ঋণ/বিনিয়োগ গ্রহণের পর ০১(এক) বছর সুদ/মুনাফার ভর্তুকী প্রাপ্য হবে। মাঝারি খাতের (Medium Enterprise) উদ্যোক্তাগণপূর্বের নিয়মেই শুধুমাত্র চলতি মূলধন ঋণ/বিনিয়োগসুবিধাঅত্র প্রণোদনা প্যাকেজ হতে প্রাপ্য হবেন এবং তাদের ক্ষেত্রেও সুদ ভর্তুকীর সুবিধা ০১(এক) বছর বলবৎ থাকবে।

০৫। এমতাবস্থায়, নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে সার্কুলারটি অপর পৃষ্ঠায় হুবহু মুদ্রণ করা হলো। প্রদত্ত সার্কুলারের নির্দেশনা যথাযথভাবে পরিপালনের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

০৬/০৭/২০২১

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক।

**বিষয় ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই(CMSME) খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে।**

নং-বিকেবি-প্রকা-ক্রেঃবিঃ (শাখা-৪)-০৭(৮)/করোনা/২০২০-২০২১/ ৬৬(১২ কপি) তারিখঃ ০৬/০৭/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

০৬/০৭/২০২১
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭

তারিখঃ আষাঢ় ২০, ১৪২৮
জুলাই ০৪, ২০২১

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

**নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এপ্রিল ১৩, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লিখিত সার্কুলারের মাধ্যমে নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের (সিএমএসএমই) ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে স্বল্প সুদে 'চলতি মূলধন ঋণ/বিনিয়োগ' সুবিধা প্রবর্তনের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২০(বিশ) হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়।

০৩। সিএমএসএমই খাতে বর্তমানে প্রবর্তিত ২০(বিশ) হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজের আওতায় কটেজ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি খাতের উদ্যোক্তাদের ঋণ গ্রহণে উৎসাহিত করার লক্ষ্যে বিদ্যমান 'ওয়ার্কিং ক্যাপিটাল' এর পরিবর্তে কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতের উদ্যোক্তাদের অনুকূলে 'ঋণ' সুবিধা প্রবর্তন এবং মাঝারি খাতের উদ্যোক্তাদের অনুকূলে 'ওয়ার্কিং ক্যাপিটাল' সুবিধা প্রবর্তন করা যাবে মর্মে অর্থ মন্ত্রণালয় হতে জানানো হয়েছে।

০৪। এক্ষণে, উক্ত নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতের উদ্যোক্তাদের অনুকূলে বিদ্যমান 'চলতি মূলধন ঋণ/বিনিয়োগ' এর পাশাপাশি মেয়াদী 'ঋণ/বিনিয়োগ' সুবিধা প্রদান করা যাবে। তবে, এক্ষেত্রে ঋণ/বিনিয়োগ গ্রহণের পর ০১(এক) বছর সুদ/মুনাফার ভর্তুকী প্রাপ্য হবে। মাঝারি খাতের (Medium Enterprise) উদ্যোক্তাগণ পূর্বের নিয়মেই শুধুমাত্র চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধা অত্র প্রণোদনা প্যাকেজ হতে প্রাপ্য হবেন এবং তাদের ক্ষেত্রেও সুদ ভর্তুকীর সুবিধা ০১(এক) বছর বলবৎ থাকবে।

০৫। এতদ্ব্যতীত উক্ত সার্কুলার এবং এর ধারাবাহিকতায় জারিকৃত অপরাপর সার্কুলার লেটারে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

০৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(হুসনে আরা শিখা)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৫০২